

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীনগর, মুন্সীগঞ্জ।
www.sreenagar.munshiganj.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৫৯৮৪.০০০.১৮.০০৪.২৩- ৫৬/২

তারিখঃ ১৮/০১/২০২৪খ্রি.

জলমহালের ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের সাযরাত-১ অধিশাখার ০২ নভেম্বর, ২০২৩খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-১).৬৬২ নং প্রজ্ঞাপনে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ (কুড়ি) একর পর্যন্ত সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল প্রকাশিত হয়েছে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী ২০ (কুড়ি) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ইজারার জন্য অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন দাখিলের বিধান প্রবর্তন হওয়ায় শ্রীনগর উপজেলা প্রশাসনের আওতাধীন নিম্নে বর্ণিত ০৫টি বদ্ধ জলমহাল বাংলা ১৪৩১ সনের ০১লা বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারা আবেদন গ্রহণের সিদ্ধান্ত হয়েছে। সে প্রেক্ষিতে শ্রীনগর উপজেলা থেকে অনলাইনে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে ১৪৩১ বঙ্গাব্দে জলমহালের ইজারা আবেদন গ্রহণের সিদ্ধান্ত হয়েছে। সে প্রেক্ষিতে শ্রীনগর উপজেলা থেকে অনলাইনে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে ১৪৩১ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (ক্যালেন্ডার ইয়ার) মধ্যে নিষ্পত্তি করার লক্ষ্যে নিম্ন বর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ হবে।

সময়সূচী:

ক্রমিক নং	অনলাইনে আবেদনপত্র দাখিলের তারিখ	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের বিডি/পে-অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল
০১	০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ ২৩ জানুয়ারী ২০২৪খ্রিঃ থেকে ১৬ ফেব্রুয়ারী ২০২৪খ্রিঃ পর্যন্ত	০৪ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ থেকে ০৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ ১৭ ফেব্রুয়ারী ২০২৪খ্রিঃ থেকে ১৯ ফেব্রুয়ারী ২০২৪খ্রিঃ পর্যন্ত

ইজারায়োগ্য জলমহালের তালিকা:

ক্রমিক নং	খাস পুকুরের নাম	মৌজা	খতিয়ান	দাগ নং (আর.এস)	খাস পুকুরের আয়তন (একরে)	সরকারী ইজারা মূল্য	সিডিউলের মূল্য
০১	মান্দ্রা খাস পুকুর	মান্দ্রা	০১	৩৬০ ৩৬১ ৩৬২	০.৩৪ ০.৩৪ ০.৩৩ ১.০১	৮৪০০/-	৫০০/-
০২	তিনগাঁও খাস পুকুর	তিনগাঁও	০১	৩১৮	০.৬১	৩১৫০/-	৫০০/-
০৩	কুকুটিয়া খাস পুকুর	কুকুটিয়া	০১	৯০৭	০.৫৭	৩১৫০/-	৫০০/-
০৪	বিবন্দী খাস পুকুর	বিবন্দী	০১	১৫৪১	০.৩২	২১০০/-	৫০০/-
০৫	হাঁসাড়া খাস পুকুর	হাঁসাড়া	০১	৬৩১০	০.৮৪	১৫৭৫০/-	৫০০/-

“শর্তসমূহ”

- ডাকে অংশ গ্রহণের পূর্বে নগদ= ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত হিসেবে জমা দিয়ে ডাকে অংশ গ্রহণ করতে হবে। ডাক শেষ হওয়ার সাথে সাথে জামানতের টাকা ফেরৎ দেয়া হবে।
 - সর্বোচ্চ ডাককারীকে সমুদয় টাকা ডাক অনুমোদনের তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে অন্যথায় তার ডাক বাতিল করে জামানতের প্রদত্ত টাকা বাজেয়াপ্ত করা হবে এবং পুনঃনিলাম ডাকের ব্যবস্থা করা হবে।
 - কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে পুকুর পাড়/পুকুর কেটে কোন গর্ত বা পরিবর্তন করা যাবে না।
 - ডাকের দিনে সর্বোচ্চ ডাককারী ডাকে সমুদয় অর্থের ৫০% টাকা এবং চূড়ান্ত অনুমোদনের পর বিধি মোতাবেক ডাকের সমুদয় অর্থের ১৫% ভ্যাট ৫% আয়করসহ অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে।
 - বাংলা ১৪৩৩ সনের ৩০শে চৈত্র পর্যন্ত মেয়াদ শেষে কোনরূপ সময় বৃদ্ধি করা হবে না।
 - ডাকের সমুদয় অর্থ পরিশোধের পর কর্তৃপক্ষের সঙ্গে চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনের পর পুকুরের দখল বুঝিয়ে দেয়া হবে।
 - কোন প্রকার কারণ ব্যতিরেকেই কর্তৃপক্ষ ডাক গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ❖ এছাড়া অন্যকোন তথ্য জানতে হলে সহকারী কমিশনার (ভূমি), শ্রীনগর এর কার্যালয়ে জানা যাবে।

(মোশারেফ হোসাইন)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৪। উপজেলা কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, শ্রীনগর- তাকে বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
- ৬। চেয়ারম্যান, পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৭। নোটিশ বোর্ড, উপজেলা ভূমি অফিস/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

সাক্ষরিত অথবা সাক্ষিত
সহকারী কমিশনার (ভূমি)

ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শ্রীনগর, মুন্সীগঞ্জ।